বাংলাদেশের সুবর্ণজয়ন্তী Bangladesh 50

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
আগারগাঁও,শেরেবাংলানগর
ঢাকা-১২০৭।
www.lged.gov.bd

স্মারক নং-৪৬.০২.০০০০.৬২৩.১৮.০০১(০২).১২/৬৯৭ তারিখঃ ২২/১২/২০২২ ইং।

বিষয় : **এলজিইডি জেন্ডার ও উন্নয়ন ফোরামের ৫১তম সভার কার্যবিবরণী।**

এলজিইডি জেন্ডার ও উন্নয়ন ফোরামের ৫১তম সভা গত ১১ ডিসেম্বর ২০২২, বিকাল ৩.০০ ঘটিকায় এলজিইডি ভবনের সেমিনার কক্ষে (লেভেল-০৪) অনুষ্ঠিত হয়। সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন প্রধান প্রকৌশলী মহোদয় জনাব সেখ মোহাম্মদ মহসিন। সভায় সভাপতিত্ব করেন জনাব মোহাঃ আব্দুল মালেক সরকার, অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পরিকল্পনা) এবং সভাপতি, এলজিইডি জেন্ডার ও উন্নয়ন ফোরাম। উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কার্যক্রম শুরু করেন । সভায় উপস্থিত (স্বশরীরে ও ভারচুয়ালী) সদস্যবৃন্দের তালিকা সংযুক্তি-১ এ সংযোজন করা হলো।

সভার আলোচনা ও সিদ্ধান্তসমূহ নিম্নরূপঃ

| আলোচ্যসূচি | আলোচনা ও সিদ্ধান্ত | দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা |
|---|---|---|
| ১। গত সভার কার্যবিবরণী অনুমোদন ও অগ্রগতি পর্যালোচনা। | ১.১। পূর্ববর্তী ৫০তম সভার কার্যবিবরণী অনুমোদন সংক্রান্ত আলোচনা ঃ<br>জনাব সালমা শহীদ, প্রকল্প পরিচালক, এলজিইডি এবং সদস্য-সচিব জেন্ডার ও উন্নয়ন ফোরাম গত ২০/০৬/২০২২ইং তারিখে অনুষ্ঠিত ফোরামের ৫০তম সভার কার্যবিবরণী সভায় পাঠ করেন। বিস্তারিত আলোচনার পর বিগত সভার আলোচ্য বিষয় ও সিদ্ধান্তসমূহ কার্যবিবরণীতে সঠিকভাবে লিপিবদ্ধ হওয়ায় তা সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।<br>১.২। পূর্ববর্তী সভার সিদ্ধান্ত বাস্তবায়ন সংক্রান্ত আলোচনাঃ<br>সদস্য-সচিব জানান, পূর্বের সভার সিদ্ধান্তের আলোকে UGIIP-III প্রকল্প হতে জেন্ডার ফোকাল পয়েন্টদের প্রশিক্ষণ সমাপ্ত হয়েছে।<br>১.৩। হালনাগাদকৃত ২০২২-২০৩০ মেয়াদে জেন্ডার সমতা কৌশল ও কর্মপরিকল্পনা মুদ্রণ সম্পন্ন হওয়ার পর সদর দপ্তর, জেলা ও উপজেলা পর্যায়েও সংশ্লিষ্ট সকলের নিকট বিতরণ করা হয়েছে। | |
| ২। ফোরামের গঠনতন্ত্র ও কার্যপরিধি সংক্রান্ত। | ২.১। ফোরামের ৫০তম সভার সুপারিশকৃত জেন্ডার ও উন্নয়ন ফোরামের গঠনতন্ত্র ও কার্যপরিধি প্রধান প্রকৌশলী মহোদয় কর্তৃক অনুমোদিত হয়েছে। গঠনতন্ত্রের আলোকে জেন্ডার ও উন্নয়ন ফোরামের সদস্য নির্ধারণপূর্বক নবগঠিত ফোরাম প্রধান প্রকৌশলী কর্তৃক অনুমোদন করা হয়েছে। | |
| ৩। TA প্রকল্প (IGEPL) এর অগ্রগতি সংক্রান্ত। | ৩.১। Institutionalizing Gender Equality Practices in LGED (IGEPL) প্রকল্পের অগ্রগতি নিয়ে আলোচনা হয়। IGPEL কারিগরি সহায়তা প্রকল্পের টিম লিডার জনাব ফেরদৌসি সুলতানা জানান, জেন্ডার সমতা কর্ম পরিকল্পনার (২০২২-২০৩০) মনিটরিং এর জন্য ৭টি ভিন্ন উৎস থেকে উপাত্ত সংগ্রহের জন্য ও এম আই এস এ ব্যবহারের জন্য ছক তৈরি করা হয়েছে।<br>৩.২। প্রকল্পের আওতায় জেন্ডার সমতা কৌশল ও কর্মপরিকল্পনা; জেন্ডার ও উন্নয়ন প্রশিক্ষণ ম্যানুয়াল; অবকাঠামো প্রকারভেদে জেন্ডার সংবেদনশীল বৈশিষ্ট্য ও ব্যবস্থাপনা সহায়িকা এবং জেন্ডার সংবেদনশীল প্রকল্প পরিকল্পনা সহায়িকা বাংলা প্রিন্ট কপি সংশ্লিষ্ট সকল স্তরে বিতরন করা হয়েছে। এই তিনটি প্রকাশনার ইংরেজী ভারর্সন প্রিন্টের জন্য চূড়ান্ত করা হয়েছে।<br>৩.৩। বিভিন্ন পর্যায়ে অতিরিক্ত প্রধান প্রকৌশলী ও তত্ত্বাবধায়ক প্রকৌশলীসহ মোট ১১২৮ জন কর্মকর্তা / কর্মচারীগণ জেন্ডার ও উন্নয়ন প্রশিক্ষণে অংশগ্রহণ করেন তন্মধ্যে ১৫৮ নারী কর্মকর্তা।<br>৩.৪। প্রতিষ্ঠানের মূলধারায় জেন্ডার সমতা অন্তর্ভুক্তির ক্ষেত্রে এলজিইডি'র অভিজ্ঞতা বিনিময়ের জন্য বাংলাদেশ রেলওয়ে (BR), জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর (DPHE), ঢাকা ওয়াসা (DWASA), খুলনা ওয়াসা (KWASA) এবং বাংলাদেশ পল্লি বিদ্যুৎ বোর্ড (BREB) এর কর্মশালা সমাপ্ত হয়েছে। সর্বমোট ১৩১ জন কর্মকর্তার (৩০ জন নারী) এতে অংশগ্রহণ করেন। | সদস্য-সচিব, জেন্ডার ও উন্নয়ন ফোরাম। |
| ৪। আন্তর্জাতিক নারী দিবস' ২০২৩ উদযাপন সংক্রান্ত। | সদস্য-সচিব জানান, ৮মার্চ আন্তর্জাতিক নারী দিবস ২০২৩ উদযাপনের জন্য প্রধান প্রকৌশলী কর্তৃক নির্দেশনা সম্বলিত পত্র জেলা পর্যায়ে প্রেরণ করতে হবে। উক্ত দিবস উদ্‌যাপনে সদরদপ্তর পর্যায়ে বিভিন্ন অনুষ্ঠানের আয়োজন করা হয়, যা সফলভাবে বাস্তবায়নের জন্য আন্তর্জাতিক নারী দিবস উদ্‌যাপন কমিটি গঠন করা প্রয়োজন। সে মোতাবেক নিম্নরূপভাবে আন্তর্জাতিক নারী দিবস-২০২৩ উদ্‌যাপন কমিটি গঠন করার প্রস্তাব করা হয়।<br>আন্তর্জাতিক নারী দিবস উদ্‌যাপন কমিটি'২০২৩ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):<br>ক) অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পরিকল্পনা), এলজিইডি, ঢাকা-১০২৭। — আহবায়ক<br>খ) তত্ত্বাবধায়ক প্রকৌশলী (প্রকল্প মনিটরিং ও মূল্যায়ন),এলজিইডি, ঢাকা-১০২৭। — সদস্য<br>গ) তত্ত্বাবধায়ক প্রকৌশলী (নগর ব্যবস্থাপনা),এলজিইডি, ঢাকা-১০২৭। — সদস্য | |

| আলোচ্যসূচি | আলোচনা ও সিদ্ধান্ত | দায়িত্ব প্রা কর্মকর্তা |
|---|---|---|
| | ঘ) তত্ত্বাবধায়ক প্রকৌশলী (রক্ষণাবেক্ষণ),এলজিইডি, ঢাকা-১০২৭। সদস্য<br>ঙ) তত্ত্বাবধায়ক প্রকৌশলী (IWRM-P&D),এলজিইডি, ঢাকা-১০২৭। সদস্য<br>চ) প্রকল্প পরিচালক, প্রভাতি, এলজিইডি, ঢাকা-১০২৭ সদস্য<br>ছ) সৈয়দা আসমা খাতুন, প্রকল্প পরিচালক, জেএসপি,এলজিইডি, ঢাকা-১২০৭। সদস্য<br>জ) জনাব নাঈমা নাজনীন নাজ, প্রকল্প পরিচালক, JMIIP,এলজিইডি, ঢাকা-১০২৭। সদস্য<br>ঝ) প্রকল্প পরিচালক, হিলিপ, এলজিইডি, ঢাকা-১০২৭। সদস্য<br>ঞ) প্রকল্প পরিচালক, HFMLIP,, এলজিইডি, ঢাকা-১০২৭। সদস্য<br>ট) নির্বাহী প্রকৌশলী (শৃংখলা ও তদন্ত),এলজিইডি, ঢাকা-১০২৭। সদস্য<br>ঠ) জনাব উজ্জ্বল ত্রিপুরা, ডিপিডি, SSWRDP-II (জাইকা),এলজিইডি, ঢাকা-১০২৭। সদস্য<br>ড) জনাব সোনিয়া নওরিন, নির্বাহী প্রকৌশলী(চ:দা:),প্রকিউরমেন্ট ইউনিট,এলজিইডি ঢাকা। সদস্য<br>ঢ) জনাব মৌসুমী সালমিন, নির্বাহী প্রকৌশলী(চ:দা:),প্রশিক্ষণ ইউনিট,এলজিইডি, ঢাকা। সদস্য<br>ণ) জনাব আমিনুর রহমান, সিনি:সহ: প্রকৌশলী (আইডব্লিউআরএম),এলজিইডি, ঢাকা। সদস্য<br>ত) জনাব মোঃ আহসান হাবিব, পরামর্শক, এলজিইডি। সদস্য<br>থ) শেখ নজরুল ইসলাম, সহ:প্রকৌশলী (ভবন রক্ষণাবেক্ষণ), এলজিইডি, ঢাকা। সদস্য<br>দ) সদস্য-সচিব, জেন্ডার ও উন্নয়ন ফোরাম,এলজিইডি, ঢাকা। সদস্য-সচিব<br><br>বিস্তারিত আলোচনান্তে প্রস্তাবিত কমিটি অনুমোদন করা হয়।<br><br>এছাড়া, শ্রেষ্ঠ আত্মনির্ভরশীল নারী নির্বাচনের ক্ষেত্রে গতবছর ব্যবহৃত "তথ্য ছকে" ২দিনের মধ্যে সদস্যগণ থেকে কোনো যৌক্তিক পরিবর্তনের প্রস্তাব / সুপারিশ পাওয়ার ভিত্তিতে পরিবর্তন করে এবছর ব্যবহারের বিষয়ে সকলে একমত পোষণ করেন এবং গত বছরের ন্যায় প্রধান প্রকৌশলী মহোদয়ের স্বাক্ষরিত পত্র (তথ্য ছকসহ) জেলা পর্যায়ে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | - |
| ৫। বিবিধ | ৪.১। সভায় প্রধান প্রকৌশলী মহোদয় কারো কোনো মতামত আছে কিনা জানতে চাইলে জনাব মন্মথ রঞ্জন হালদার, অতিরিক্ত প্রধান প্রকৌশলী, ঢাকা বিভাগ, এলজিইডি, যৌন হয়রানি প্রতিরোধ নীতি প্রস্তুতকরত: মন্ত্রণালয়ের অনুমোদনের জন্য প্রেরণ করা হয়েছিল তার বর্তমান অবস্থা সম্বন্ধে জানতে চান। এ বিষয়ে সদস্য-সচিব, জেন্ডার ও উন্নয়ন ফোরাম জানান, গত সেপ্টেম্বর'২০২২ পুনরায় কপি প্রেরণ করা হয়েছে এবং অনুমোদন প্রক্রিয়াধীন আছে। পরবর্তীতে প্রধান প্রকৌশলী মহোদয় রংপুর অঞ্চলের সহকারী প্রকৌশলী জনাব নুরুন নাহার এর কাছে তার অভিজ্ঞতা জানতে চান। জনাব নুরুন নাহার বলেন, তিনি সহকারী প্রকৌশলী হিসেবে নতুন যোগদান করেছেন এবং ফোরামের কমিটিতেও নতুন সদস্য পরবর্তী সভায় তিনি উপস্থাপন করবেন।<br><br>পরবর্তীতে প্রধান প্রকৌশলী মহোদয় নিম্নবর্ণিত নির্দেশনা প্রদান করেন।<br><br>i) জেন্ডার ও উন্নয়ন ফোরামের জন্য বাৎসরিক বাজেট (প্রয়োজনীয় সকল জিনিস ও আন্তর্জাতিক নারী দিবসসহ) তৈরি করে ফোরামের কমিটিতে উপস্থাপন করার পর তাঁর নিকট প্রেরণের নির্দেশ প্রদান করেন।<br>ii) এলজিইডির জেন্ডার সমতা কৌশল ও কর্মপরিকল্পনার অগ্রগতি মনিটরিং এর জন্য এলজিইডির পিএমই ইউনিট এর সহায়তায় নির্ধারিত ছকে মাঠ পর্যায় থেকে তথ্য সংগ্রহ করে প্রতি তিনমাস অন্তর উপস্থাপন করতে হবে।<br>iii) এলজিইডিতে কর্মরত সকল পর্যায়ের কর্মকর্তা / কর্মচারীদের হালনাগাদ নারী-পুরুষের বিভাজিত ডাটা জেন্ডার ফোরামে সংরক্ষণ করতে হবে। | সদস্য-সচিব, জেন্ডার ও উন্নয়ন ফোরাম। |

সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

22/09/22

(মোহাঃ আব্দুল মালেক সরকার)
অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পরিকল্পনা)
এবং
সভাপতি
এলজিইডি জেন্ডার ও উন্নয়ন ফোরাম।

অনুলিপি: ( জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)

১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, বিভাগ (ঢাকা)।
২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (নগর পরিকল্পনা ও নগর অবকাঠামো উন্নয়ন), এলজিইডি সদর দপ্তর।
৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, আইডব্লিউআরএম (পিএন্ডডি), এলজিইডি সদর দপ্তর।
৪। তত্ত্বাবধায়ক প্রকৌশলী ( পিএমই), এলজিইডি সদর দপ্তর।
৫। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (মানব সম্পদ, পরিবেশ ও জেন্ডার), এলজিইডি সদর দপ্তর।
৬। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, এলজিইডি, খুলনা অঞ্চল।
৭। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, এলজিইডি, দিনাজপুর অঞ্চল।